

মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এমপিডি সার্কুলার নং-০৪

০১ ডিসেম্বর ২০১০ ইং
তারিখ -----
১৭ অগ্রহায়ণ ১৪১৭ বাং

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকে নগদ জমা সংরক্ষণ প্রসংগে।

৪ মে ২০১০ তারিখের এমপিডি সার্কুলার নং ০১ মোতাবেক বর্তমানে বাংলাদেশের সব তফসিলি ব্যাংককে তাদের মোট তলবী ও মেয়াদী দায়ের ৫.৫ (সাড়ে পাঁচ) শতাংশ দ্বিসাপ্তাহিক গড় ভিত্তিতে এবং ন্যূনতম ৫.০ (পাঁচ) শতাংশ দৈনিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে নগদ জমা হিসেবে সংরক্ষণ করতে হয়।

মুদ্রানীতির উদ্দেশ্য পূরণকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আগামী ১৫ ডিসেম্বর ২০১০ হতে উল্লিখিত নগদ জমা সংরক্ষণের হার দ্বিসাপ্তাহিক গড় ভিত্তিতে ৬.০ (ছয়) শতাংশ এবং দৈনিক ভিত্তিতে ন্যূনতম ৫.৫ (সাড়ে পাঁচ) শতাংশ হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/-

(বেগম সুলতানা রাজিয়া)
মহাব্যবস্থাপক
ফোন - ৯৫৬৪১১৯

মনিটরী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এমপিডি-১১৬/২০১০-১৭১২

০১ ডিসেম্বর ২০১০ইং
তারিখঃ -----
১৭ অগ্রহায়ণ ১৪১৭ বাং

প্রজ্ঞাপন

বাংলাদেশ ব্যাংক আদেশ, ১৯৭২ (১৯৭২ সনের আদেশ নং- ১২৭) এর ৩৬(১) ধারা অনুসারে বাংলাদেশে অনুমতি প্রাপ্ত সকল তফসিলি ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে ক্যাশ রিজার্ভ রাখার যে বিধান রহিয়াছে উহার পরিমাণ অত্র আদেশে প্রদত্ত ক্ষমতা বলে ৫.৫ (সাড়ে পাঁচ) শতাংশ হইতে বৃদ্ধি করিয়া ৬.০ (ছয়) শতাংশে নির্ধারণ করা হইল।

০২। এই আদেশ ১৫ ডিসেম্বর ২০১০ তারিখ হইতে কার্যকর হইবে।

স্বাঃ/-

(জিয়াউল হাসান সিদ্দিকী)
ডেপুটি গভর্নর